**উপজেলা পরিষদ**

**উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।**

www.atpara.netrokona.gov.bd

**অক্টোবর/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব এম. সাজ্জাদুল হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| তারিখ ও সময় | : ৩১ অক্টোবর ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা। |

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রশাসক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা মহোদয় উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১. <u>প্রাণিসম্পদ বিভাগ:</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০১.১০.২০২৪ খ্রি. তারিক হতে ১৮.১০.২০২৪খ্রি. তারিখ ভেড়ার পিপি আর রোগের টিকা বিনামূল্যে প্রদান করা হবে। এ বিষয়ে জনসচেতনতা করার হচ্ছে। টিকা প্রদানে সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা</td></tr>
<tr><td>০২. <u>স্বাস্থ্য বিভাগ:</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৩. <u>কৃষি বিভাগ:</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৪. <u>স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:</u> উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায়, আটপাড়া উপজেলাধীন মাধ্যমিক শিক্ষা অফিসের প্রমোট ভবন (হোস্টেল) এর সাবমার্জিবল পাম্প স্থাপন সংক্রান্ত প্রকল্প কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান যে উপজেলা পরিষদের ভিতরে ভবন গুলোতে প্রকল্প গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত প্রকল্প সম্পাদনের প্রস্তাব করেন।
<table>
<tr><th>প্রকল্প নাম</th><th>তহবিল</th><th>বরাদ্দ</th></tr>
<tr><td>০১. আটপাড়া উপজেলাধীন এসএস দোলনা গেইট, বৌলাই ভবন মেরামত প্রকল্প।</td><td>রাজস্ব</td><td>২,০০,০০০/-</td></tr>
</table>
তিনি পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত ব্যয় পরিশোধের বিষয়ে আলোচনা করেন।
<table>
<tr><th>ব্যয় বিবরণি</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>জুলাই-২৪ মাসের পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয়</td><td>৩৬,৬৭৮/-</td></tr>
<tr><td>অফিস সরঞ্জাম ক্রয়</td><td>৫০,০০০/-</td></tr>
<tr><td>পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরমাত</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>মশা নিধন</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td>বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা</td><td>২৫,০০০/-</td></tr>
</table>
তিনি আরো বলেন যে, আটপাড়া উপজেলা একটি অনুন্নত উপজেলা হওয়ায় এ উপজেলায় অতিরিক্ত বরাদ্দের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন (পরিশিষ্ট 'গ')।<br>এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>০১. পরিষদের রাজস্ব তহবিল হতে গৃহীত প্রকল্প এবং বর্ণিত অন্যান্য ব্যয় সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. আটপাড়া উপজেলা একটি অনুন্নত উপজেলা হওয়ায় এ উপজেলায় অতিরিক্ত বরাদ্দের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>০১. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৫. <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u> পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ০৬. **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. **শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৯. **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১০. **সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তিনটি আশ্রয়ণ প্রকল্প থেকে ঋণের আসল ২১০০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া অডিট ফি বাবদ ২৭১০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৫৯১/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায়, অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১৩. **মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা** সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৪. **মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মর্তা** সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল** সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. **ইউজিডিপি প্রকল্প (জাইকা):** প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় জানান যে, যে সকল স্কুলে ভেন্ডিং মেশিন ও উচু-নিচু বেঞ্চ পেয়েছে সেসকল স্কুলের প্রধান শক্ষিকদের সাথে মতবিনিময় সভা করা হয়েছে। বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) |
| ১৭. **বিদ্যুৎ বিভাগ:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | এজিএম আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮. **খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরে ডিজিডি খাতে খাদ্যবান্ধব টিসিবি খাতে চাল বিলি বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৯. **তথ্যআপা প্রকল্প:** তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যকেন্দ্র ও মাঠ পর্যায়ে কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ের কার্যক্রমের মধ্যে উঠান বৈঠক করার নির্দেশনা পাওয়া যায়নি। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

**পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

(এম. সাজ্জাদুল হাসান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪-৬০২ তারিখ: ১৫ কার্তিক ১৪৩১ / ৩১ অক্টোবর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৪. উপজেলা ........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান ........................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৬. জনাব ..................................................................................................................

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা